গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, মাগুরা
রাজস্ব শাখা
www.magura.gov.bd

স্মারক নম্বর: ০৫.৪৪.৫৫০০.০০৮.০১.০৩৯.২৬. ৫৯৭

তারিখ: ২১ কার্তিক ১৪৩৩ / ০৪ নভেম্বর ২০২৬

নিয়োগ বিজ্ঞপ্তি

ভূমি মন্ত্রণালয় (মাঠ প্রশাসন-১), বাংলাদেশ সচিবালয়, ঢাকার ১২ আগস্ট ২০২৬ তারিখের ৩১.০০.০০০০.০৪৬.১১.১১৮.১২.৫২৫ নং স্মারকমূলে জারিকৃত ছাড়পত্রের পরিপ্রেক্ষিতে এবং বিভাগীয় বাছাই কমিটি, খুলনার ২৭ অক্টোবর ২০২৬ তারিখের ০৫.৪৪.০০০০.০০০.০১২.৫১.০০০৫.২৬.৫৫৩ নম্বর স্মারকে খসড়া নিয়োগ বিজ্ঞপ্তি অনুমোদন প্রাপ্ত হয়ে জেলা প্রশাসকের কার্যালয়, মাগুরা এর রাজস্ব প্রশাসনের আওতাধীন শূন্য পদসমূহ পূরণের লক্ষ্যে জাতীয় বেতন স্কেল-২০২৬ অনুযায়ী অস্থায়ী ভিত্তিতে প্রচলিত নিয়োগবিধি অনুযায়ী নিয়োগের লক্ষ্যে প্রয়োজনীয় যোগ্যতা সম্পন্ন মাগুরা জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট থেকে নিম্নবর্ণিত শর্তে Online-এ (https://dcmagura.teletalk.com.bd) দরখাস্ত আহবান করা যাচ্ছে। Online ব্যতীত কোন আবেদন গ্রহণ করা হবে না।

ক্রম	পদের নাম	পদের সংখ্যা	বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল, ২০২৬)	শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা
০১	ড্রাফটসম্যান	০১ (এক)টি	গ্রেড-১৫তম ২২৮০০-৫৫২০০/-	(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; (খ) কোনো স্বীকৃত কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক অনুমোদিত প্রতিষ্ঠান হইতে অন্যূন ৬ (ছয়) মাসের সিভিল ড্রাফটিং বিষয়ে ট্রেডকোর্স সনদপ্রাপ্ত; এবং (গ) তফসিল-৬ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ।
০২	নাজির কাম-ক্যাশিয়ার	০৩ (তিন)টি	গ্রেড-১৬তম ২১৯০০-৫২৯০০/-	(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; (খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং (গ) তফসিল-৯ ও ১৬ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ।
০৩	ট্রেসার	০১ (এক)টি	গ্রেড-১৬তম ২১৯০০-৫২৯০০/-	(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; (খ) কোনো অনুমোদিত প্রতিষ্ঠান হইতে ড্রয়িং বিষয়ে অন্যূন ৬ (ছয়) মাসের সার্টিফিকেট কোর্স সনদপ্রাপ্ত; (গ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং (ঘ) তফসিল-১০ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ।
০৪	অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক	০৪ (চার) টি	গ্রেড-১৬তম ২১৯০০-৫২৯০০/-	(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; (খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং (গ) তফসিল-৭ ও ১৬ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ।
০৫	সার্টিফিকেট পেশকার	০২ (দুই)টি	গ্রেড-১৬তম ২১৯০০-৫২৯০০/-	(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; (খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং (গ) তফসিল-১১ ও ১৬ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ।
০৬	সার্টিফিকেট সহকারী	০১ (এক)টি	গ্রেড-১৬তম ২১৯০০-৫২৯০০/-	(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; (খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং (গ) তফসিল-১১ ও ১৬ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ।
০৭	ক্রেডিট চেকিং কাম সায়রাত সহকারী	০১ (এক)টি	গ্রেড-১৬তম ২১৯০০-৫২৯০০/-	(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; (খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং (গ) তফসিল-১১ ও ১৬ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ।

CamScanner

আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলী অবশ্যই অনুসরণ করতে হবে:

০১। প্রার্থীকে অবশ্যই জন্মসূত্রে বাংলাদেশের স্থায়ী নাগরিক ও মাগুরা জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।

০২। বিবাহিত মহিলা প্রার্থীদের ক্ষেত্রে স্বামীর স্থায়ী ঠিকানা উল্লেখ করতে হবে।

০৩। প্রার্থীর বয়সসীমা ০১.১০.২০২৬ খ্রি.তারিখে ন্যূনতম ১৮ (আঠারো) বছর এবং সর্বোচ্চ বয়সসীমা ৩২ (বত্রিশ) বছর হতে হবে।

০৪। আবেদনপত্রে আবশ্যিকভাবে প্রার্থীদের সম্প্রতি (আবেদন দাখিলের এক মাস পূর্ব পর্যন্ত) তোলা রঙিন ছবি ব্যবহার করতে হবে।

০৫। অসত্য/ভুল তথ্য সংবলিত/ত্রুটিপূর্ণ আবেদনপত্র কোন কারণ দর্শানো ব্যতিরেকে বাতিল বলে গণ্য হবে। প্রার্থী কর্তৃক দাখিলকৃত/প্রদত্ত কোন তথ্য বা কাগজপত্র নিয়োগ কার্যক্রম চলাকালে যে কোন পর্যায়ে বা নিয়োগ প্রাপ্তির পরেও অসত্য/ভুয়া প্রমাণিত হলে তার দরখাস্ত/নির্বাচন/নিয়োগ বাতিল করা হবে এবং মিথ্যা/ভুল তথ্য সরবরাহ করার জন্য তার বিরুদ্ধে আইনগত/প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৬। লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় সংশ্লিষ্ট সকল সনদ/অনাপত্তিপত্র/কাগজপত্রাদির মূলকপি প্রদর্শনপূর্বক প্রতিটির ০২ (দুই) কপি সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে। সংশ্লিষ্ট কাগজপত্রের তালিকা নিম্নরূপ:

(ক) শিক্ষাগত যোগ্যতা সম্পর্কিত সকল প্রকার মূল/সাময়িক সনদপত্র, অভিজ্ঞতার সনদ (যদি থাকে) এর কপি;

(খ) ন্যূনতম ৯ম গ্রেডের গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র;

(গ) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার প্রশাসক কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র;

(ঘ) জাতীয় পরিচয়পত্র/ডিজিটাল জন্মনিবন্ধন সনদপত্র;

(ঙ) মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারী (মুক্তিযোদ্ধা, শহীদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তান) প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ প্রজ্ঞাপন মোতাবেক তার পিতা/মাতা'র মুক্তিযোদ্ধা সার্টিফিকেট (উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত) এর ফটোকপি ৯ম গ্রেডের গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত (পদবি ও নামের সীলসহ) করে সংযুক্ত করতে হবে।

(চ) মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারীকে মুক্তিযোদ্ধার সাথে সম্পর্ক উল্লেখ পূর্বক স্ব-স্ব পৌরসভার প্রশাসক/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/প্রশাসক কর্তৃক প্রদত্ত প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে;

(ছ) ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গ কোটার স্বপক্ষে উপযুক্ত প্রমাণপত্র;

(জ) প্রার্থী কর্তৃক কোটা দাবীর সমর্থনে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণ পত্রের সনদ;

(ঝ) ডাউনলোডকৃত Applicant Copy এর কপি;

(ঞ) লিখিত পরীক্ষার প্রবেশপত্রের কপি;

০৭। নিয়োগকৃত পদে নিয়োগ ও চাকরির ক্ষেত্রে সরকার কর্তৃক আরোপিত সর্বশেষ বিধি-বিধান প্রযোজ্য হবে।

০৮। চাকুরিরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় উক্ত অনুমতিপত্র দাখিল করতে হবে।

০৯। নিয়োগের ব্যাপারে কোন প্রকার সুপারিশ বা তদবির প্রার্থী যোগ্যতার পরিপন্থি বলে বিবেচিত হবে। আবেদনপত্র গ্রহণ ও বাতিলের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোন আপত্তি উত্থাপন করা যাবে না।

১০। কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এ বিজ্ঞপ্তির শর্তাবলী পরিবর্তন/পরিবর্ধন/সংযোজন/বিয়োজন ও বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১১। উপর্যুক্ত তথ্যাদি মোতাবেক বাছাইয়ের পর কর্তৃপক্ষের বিবেচনায় কেবলযোগ্য প্রার্থীদের মধ্যে লিখিত পরীক্ষায় নির্বাচিত প্রার্থীদের ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণ (প্রযোজ্য ক্ষেত্রে) এবং ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের অনুমতি দেয়া হবে।

১২। প্রার্থীদের নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৩। **অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলী :**

(ক) আগ্রহীপ্রার্থীগণ https://dcmagura.teletalk.com.bd ওয়েবসাইটে প্রবেশ করে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রবর্তিত নির্ধারিত আবেদনপত্র পূরণ করবেন।

আবেদনের সময়সীমা নিম্নরূপ :

(i) Online- এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ০৮.১১.২০২৬ সকাল ১০:০০টা।

(ii) Online- এ আবেদনপত্র দাখিলের শেষ তারিখ ০৭.১২.২০২৬ বিকাল ৫:০০টা।

বর্ণিত সময়ের মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online- এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে যে কোন teletalk Pre-paid মোবাইল নম্বর SMS এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

CamScanner

(খ) Online- এ আবেদনপত্রে প্রার্থী তার রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০ pixel× প্রস্থ ৩০০ pixel) এবং স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ pixel× প্রস্থ ৮০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ ১০০ KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ ৬০ KB হতে হবে।

(গ) Online- এ আবেদনপত্রে পূরণকৃত তথ্যই পরবর্তীতে সকল কার্যক্রমে ব্যবহৃত হবে। কাজেই Online- এ আবেদনপত্র Submit করারপূর্বে পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী স্বয়ং শতভাগ নিশ্চিত হবেন।

(ঘ) প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙিন প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা প্রদান করবেন।

(ঙ) SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান: Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মোতাবেক ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। যদি Applicant's Copy-তে কোন ভুল থাকে বা অস্পষ্ট (সম্পূর্ণ কালো/ সম্পূর্ণ সাদা/ঘোলা) ছবি/স্বাক্ষর না থাকে তাহলে আবেদন ফি জমা না দিয়ে থাকলেই কেবল পুনরায় আবেদন করা যাবে।

উল্লেখ্য, আবেদন ফি জমাদানের পরে আর কোন পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's Copy-তে তার সাম্প্রতিক তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষর সংযুক্ত থাকাও এর সঠিকতার বিষয়টি PDF Copy Download পূর্বক নিশ্চিত হয়ে প্রিন্ট করে সংরক্ষণ করবেন। উক্ত Applicant's Copy প্রার্থী প্রিন্ট অথবা Download করে সংরক্ষণ করবেন। Applicant's Copy-তে একটি User ID দেয়া থাকবে। বর্ণিত User ID ব্যবহার করে প্রার্থী নিম্নবর্ণিত পদ্ধতিতে যে কোন Teletalk Pre-Paid মোবাইল নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে সকল পদের পরীক্ষার ফি বাবদ ১০০/-(একশত) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ১২/-(বারো) টাকাসহ অফেরতযোগ্য মোট ১১২/-(একশত বারো) টাকা। তবে সকল পদের অনগ্রসর (ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গ) নাগরিকদের জন্য আবেদন ফি বাবদ ৫০/- (পঞ্চাশ) টাকা ও Teletalk-এর সার্ভিস চার্জ বাবদ (ভ্যাটসহ অফেরৎযোগ্য) ৬/- (ছয়) টাকাসহ সর্বমোট ৫৬/- (ছাপ্পান্ন) টাকা সকল আবেদনকারীগণের জন্য অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে ফি জমা দিবেন। বিশেষভাবে উল্লেখ্য, অনলাইন (Online)-এ আবেদনের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত Online আবেদন কোনো অবস্থাতেই গৃহীত হবেনা।

নিয়মাবলী:

DCMAGURA<>User ID লিখে 16222 নম্বরে Send করতে হবে।
Example: DCMAGURA<>ABCDEF send to 16222
Reply : Applicant's Name. Tk. 112 will be Charged as application fee. your PIN is ××××××
To pay fee Type dcmagura <>YES<>PIN and send to 16222
DCMAGURA<>Yes<>PIN লিখে 16222 নম্বরে Send করতে হবে।
Example: DCMAGURA Yes 1234567 send to 16222
Reply : Congratulations Applicant's Name payment completed successfully for DCMAGURA Application for ×××××× User ID is (ABCDEF) and password××××××

বিশেষভাবে উল্লেখ্য যে, Online- এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত Online- এ আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।

(চ) SMS এ প্রেরিত User ID এবং password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যু/কেন্দ্রের নাম ইত্যাদির তথ্য সংবলিত প্রবেশপত্র Download পূর্বক রঙ্গিন প্রিন্ট করে নিবেন। SMS এর মাধ্যমে প্রাপ্ত User ID এবং password টি ভবিষ্যৎ প্রয়োজনের নিমিত্ত সংরক্ষণ করতে হবে। সকলপদে আবেদনকারী প্রার্থীর প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়, লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করতে হবে।

CamScanner

(ছ) প্রবেশপত্র সংগ্রহের নোটিশ https://dcmagura.teletalk.com.bd ও মাগুরা জেলার ওয়েবসাইটে (www.dcmagura.gov.bd)-তে পাওয়া যাবে। এছাড়া প্রবেশপত্র সংগ্রহ সংক্রান্ত SMS শুধু যোগ্য প্রার্থীদের মোবাইল নম্বরে প্রেরণ করা হবে। Online আবেদনপত্রে প্রার্থীর মোবাইল নম্বরে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় বিষয়ে যোগাযোগ করা হবে বিধায় উক্ত মোবাইল নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

(জ) শুধু Teletalk pre-paid mobile নম্বর থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

(i) User ID জানা থাকলে;

DCMAGURA<>Help <>User <>User ID & send to 16222

Example: DCMAGURA Help User ABCDEF & send to 16222

(ii) PIN Number জানা থাকলে;

DCMAGURA<>Help<>PIN<>PIN Number & send to 16222

Example: DCMAGURA Help PIN 12345678 & send to 16222 alljobs QR Code

(ঝ) বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও QR Code স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জব পোর্টাল https://alljobs.teletalk.com.bd তে সরাসরি প্রবেশ করেও পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য https://dcmagura.teletalk.com.bd ওয়েবসাইট হতে জানা যাবে।

(ঞ) Online- এ আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক মোবাইল নম্বর থেকে 121 অথবা alljobs.query@teletalk.com.bd তে ইমেইল/এসএমএস এর মাধ্যমে যোগাযোগ করা যাবে। (মেইল/মেসেজ এর Subject-এ Organization Name: DCmagura.Post Name .....Application User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে।)

(ট) ডিক্লারেশন: প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য সঠিক ও সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোনো অযোগ্যতা ধরা পড়লে বা কোন প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের পরে যেকোন পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

বি.দ্র.: সর্বশেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে যথাসম্ভব পূর্বেই আবেদনপত্র Online-এ পূরণ ও আবেদন ফি জমা দান করার জন্য আগ্রহীদের প্রার্থীদের পরামর্শ দেওয়া যাচ্ছে।

০৭.১১.২০২৬

মোতাকাব্বীর আহমেদ
জেলা প্রশাসক
মাগুরা
ফোন: ০২৪৭৭৭১০৩০২
dcmagura@mopa.gov.bd

জেলা প্রশাসক, মাগুরা এর ওয়েবসাইটে প্রবেশ এর QR Code

CamScanner

স্মারক নম্বর: ০৫.৪৪.৫৫০০.০০৮.০১.০৩৯.২৬. ৫৯৭ (২০)

তারিখ: ১৭ কার্তিক ১৪৩৩ / ০১ নভেম্বরর ২০২৬

অনুলিপি সদয় জ্ঞাতার্থে : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
০৩। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৪। ভারপ্রাপ্ত সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৫। সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৬। সচিব, অর্থবিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৭। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ভূমি ভবন, তেজগাঁও, ঢাকা
০৮। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা ও সভাপতি বিভাগীয় নির্বাচনী বোর্ড, খুলনা
০৯। রেঞ্জ ডিআইজি, বাংলাদেশ পুলিশ, খুলনা ও সদস্য বিভাগীয় বাছাই কমিটি, খুলনা
১০। পরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা, খুলনা অঞ্চল, খুলনা ও সদস্য বিভাগীয় বাছাই কমিটি, খুলনা
১১। জেলা প্রশাসক, খুলনা/বাগেরহাট/যশোর/সাতক্ষীরা/নড়াইল/ঝিনাইদহ/মেহেরপুর/কুষ্টিয়া/চুয়াডাংগা

অনুলিপি জ্ঞাতার্থে ও বহল প্রচারের জন্য প্রেরণ করা হলো : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। পুলিশ সুপার, মাগুরা
০২। সিভিল সার্জন, মাগুরা
০৩। উপপরিচালক (উপসচিব), স্থানীয় সরকার, মাগুরা
০৪। প্রধান নির্বাহী কর্মকর্তা (ভারপ্রাপ্ত), জেলা পরিষদ, মাগুরা
০৫। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)/অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট/অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)/(শিক্ষা ও আইসিটি), মাগুরা
০৬। উপজেলা নির্বাহী অফিসার, মাগুরা সদর/মহম্মদপুর/শ্রীপুর/শালিখা, মাগুরা
০৭। উপপরিচালক, বাংলাদেশ সরকারি কর্মকমিশন সচিবালয়, আঞ্চলিক কার্যালয়, খালিশপুর, খুলনা ও সদস্য, বিভাগীয় বাছাই কমিটি, খুলনা
০৮। সহকারী কমিশনার (ভূমি), মাগুরা সদর/মহম্মদপুর/শ্রীপুর/শালিখা, মাগুরা
০৯। সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, মাগুরা (বিজ্ঞপ্তিটি এ কার্যালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)
১০। ব্যবস্থাপনা পরিচালক, টেলিটক বাংলাদেশ লিমিটেড, রাজউক কমার্শিয়াল কমপ্লেক্স (১১তলা), হোল্ডিং#৩/এ,৫/এ,৭/এ, রোড# ১৭, গুলশান-১ ,ঢাকা-১২১২। [দৃষ্টি আকর্ষণ: ম্যানেজার (VAS- ২), মার্কেটিং এন্ডভ্যাস, টেলিটক বাংলাদেশ লিমিটেড)]
১১। সহকারী পরিচালক, জেলা জনশক্তি ও কর্মসংস্থান ব্যুরো, মাগুরা
১২। বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক ..... বিজ্ঞপ্তিটি তাঁর পত্রিকায় আগামী ...../...../২০২৬ তারিখের মধ্যে স্বল্প পরিসরে (২৭ ইঞ্চি ৪ কলামে) ভিতরের পাতায় প্রকাশের জন্য অনুরোধ করা হলো
১৩। নোটিশ বোর্ড/অফিস কপি

০১.১১.২০২৬

জেলা প্রশাসক
মাগুরা

CamScanner